অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গুরুতর মানসিক অসুস্থতা এবং রাস্তায় গৃহহীনতা মোকাবেলায় স্টেটের প্রচেষ্টা সম্পর্কে গভর্নর হোকলের নিউ ইয়র্কবাসীকে তথ্য প্রদান

স্টেট অর্থায়নে 'সেফ অপশন সাপোর্ট' টিম প্রায় 200 সাবেক গৃহহীন ব্যক্তিকে স্থায়ী আবাসন, মানসিক স্বাস্থ্য সহায়তার সাথে সংযুক্ত করেছে

গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার জন্য প্রায় 100 টি স্টেট পরিচালিত ইনপেশেন্ট সাইকিয়াট্রিক বেড এখন প্রস্তুত

উদ্যোগগুলো নিউ ইয়র্কে মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা রূপান্তরের জন্য গভর্নর হোকলের 1 বিলিয়ন মার্কিন ডলার FY24 বাজেট বিনিয়োগের অংশ।

গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশনে আউটরিচ টিমের সাথে গভর্নর হোকলের বৈঠকের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে গুরুতর মানসিক রোগে আক্রান্ত ব্যক্তিদের চিকিত্সা এবং সহায়তা প্রদানের সর্বশেষ স্টেট প্রচেষ্টা সম্পর্কে তথ্য প্রদান করেছেন, যা FY 2024 স্টেট বাজেটে মানসিক স্বাস্থ্য সেবায় তার 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ প্রচেষ্টার অংশ। গভর্নর ঘোষণা করেছেন যে সেফ অপশনস সাপোর্ট টিম প্রায় 200 সাবেক গৃহহীন ব্যক্তিকে স্থায়ী আবাসন পেতে সাহায্য করেছে। তিনি আরো উল্লেখ করেন যে 99 টি নতুন স্টেট পরিচালিত ইনপেশেন্ট সাইকিয়াট্রিক বেড এখন ব্যবহারের জন্য লভ্য - তার বাজেট প্রস্তাবে নির্ধারিত লক্ষ্যের অর্ধেকেরও বেশি - এবং কমিউনিটি হাসপাতালগুলোতে প্রায় 500 ইনপেশেন্ট সাইকিয়াট্রিক বেড 2024 সালের জানুয়ারির মধ্যে পুনরুদ্ধার করা হবে।

"মানসিক অসুস্থতায় ভোগা ব্যক্তিদের যত্ন নেওয়ার জন্য আমাদের নৈতিক বাধ্যবাধকতা রয়েছে, তবে বেশ দীর্ঘ সময় ধরে এই গুরুতর বিষয় উপেক্ষা করা হয়েছে অথবা চিকিৎসা করা হয়নি," **বলেছেন গভর্নর হোকল।** "এমন আর হবে না: আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির জন্য আমার প্রশাসনের পরিকল্পনা হলো এমন ব্যক্তিদের চিকিত্সা ও পরিচর্যা করা যাদের এটি সবচেয়ে বেশি প্রয়োজন। আমরা যে অগ্রগতি অর্জন করেছি এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজনীয় সহায়তা প্রাপ্তি নিশ্চিত করতে আমাদের অঙ্গীকারের জন্য আমি গর্বিত।"

2022 সালে প্রতিষ্ঠিত, 11 টি সেফ অপশন সাপোর্টস (SOS) টিম রাস্তায় বা পাতাল রেলে বসবাসকারী প্রায় 2,000 ব্যক্তির মধ্যে প্রায় 200 জনের জন্য আবাসনের ব্যবস্থা করতে সাহায্য করেছে - যাদের মধ্যে অনেকেই মানসিক অসুস্থতা নিয়ে বাস করছিলেন। এই আউটরিচ এবং রেফারেল-ভিত্তিক দলগুলো বাস্তব দক্ষতা গড়ে তুলতে এবং তাদের সহায়তা নেটওয়ার্ক শক্তিশালী করতে গৃহহীন ব্যক্তিদের সাথে কাজ করে যাতে তাদের পরিচর্যা সফলভাবে কমিউনিটি-ভিত্তিক সরবরাহকারী ও সহায়তায় স্থানান্তর করা যায়।

FY 2024 বাজেটের আওতায়, গভর্নর হোকলের পরিকল্পনায় আটটি নতুন দল তৈরি করা হয়েছে - পাঁচটি নিউ ইয়র্ক সিটিতে এবং তিনটি স্টেটের বাকি অংশে - এই সাফল্য অর্জন জোরদার করার জন্য। এই নতুন সংযোজনের মধ্যে, বেশ কয়েকটি নিবেদিত রাত্রিকালীন আউটরিচ দল অদূর ভবিষ্যতে নিউ ইয়র্ক সিটিতে কাজ শুরু করবে বলে আশা করা হচ্ছে।

এর আগে গভর্নর হোকল আজ ম্যানহাটনের গ্র্যান্ড সেন্ট্রাল স্টেশনে নিউইয়র্ক সিটিভিত্তিক SOS টিম পরিচালনাকারী সার্ভিসেস ফর দ্য আন্ডারসার্ভডের কর্মীদের সঙ্গে বৈঠক করেন। গভর্নর দীর্ঘকালীন গৃহহীনতার শিকার নিউ ইয়র্কবাসীদের স্থিতিশীলতা অর্জনে সাহায্য করার জন্য এই বহু-বিভাগীয় দলের সদস্যদের কাজ ও অভিজ্ঞতা নিয়ে আলোচনা করেন।

এছাড়াও গভর্নর হোকল স্টেট পরিচালিত সাইকিয়াট্রিক সেন্টারে ইনপেশেন্ট সাইকিয়াট্রিক বেড সম্প্রসারণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে তথ্য প্রদান করেন। এ পর্যন্ত, 99টি নতুন স্টেট পরিচালিত ইনপেশেন্ট সাইকিয়াট্রিক বেড ব্যবহারের জন্য লভ্য রয়েছে, তার ল্যান্ডমার্ক মানসিক স্বাস্থ্য সেবা পরিকল্পনায় উল্লিখিত সকল 150 টি বেড 1 জানুয়ারি, 2024 এর মধ্যে চালু করা হবে।

যেসকল স্টেট পরিচালিত ফ্যাসিলিটিতে নতুন ইনপেশেন্ট বেড যুক্ত করা হয়েছে; সেন্ট লরেন্স সাইকিয়াট্রিক সেন্টার বাফেলো সাইকিয়াট্রিক সেন্টার; রোচেস্টার সাইকিয়াট্রিক সেন্টার; রকল্যান্ড চিলড্রেন'স সাইকিয়াট্রিক সেন্টার; গ্রেটার বিংহামটন স্বাস্থ্য কেন্দ্র; সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টার; ব্রঙ্কস সাইকিয়াট্রিক সেন্টার; এবং পিলগ্রিম সাইকিয়াট্রিক সেন্টার।

স্টেট বাজেট পাস হওয়ার পরবর্তী পাঁচ মাসে এই অগ্রগতির উপর ভিত্তি করে গভর্নর হোকল আরো ঘোষণা করেছেন যে COVID-19 মহামারীর সময় বন্ধ হওয়া প্রায় 500 টি কমিউনিটি হাসপাতালের শয্যা - যা ধারা 28 ও 31 শয্যা নামেও পরিচিত - নতুন বছরের মধ্যে পরিষেবা পুনরুদ্ধার করা হবে। গভর্নর এই বছরের শুরুতে বেড পুনরুদ্ধারের প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং এখন যে হাসপাতাল নিয়ম মানছে না তাদের নিষেধাজ্ঞা দেওয়ার জন্য কাজ করছেন।

নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health) কমিশনার ড. অ্যান সুলিভান বলেন, "গভর্নর হোকলের ল্যান্ডমার্ক পরিকল্পনাটি আমাদের স্টেট জুড়ে মানসিক স্বাস্থ্য সমস্যা থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষেবা ও পরিচর্যা সম্প্রসারণে সাহসী বিনিয়োগ করছে। এই অসাধারণ বিনিয়োগ ফলপ্রসূ হওয়ার সাথে সাথে, এই পরিকল্পনাটি আমাদের স্টেটে মানসিক স্বাস্থ্য পরিচর্যার ধারাবাহিকতাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে এবং নিউ ইয়র্কবাসীদের মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ নিশ্চিত করতে সাহায্য করবে। সকল নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্যসেবা চাহিদা পূরণকে প্রশাসনের অগ্রাধিকার করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা পুনরুদ্ধারের জন্য তার 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু-বার্ষিক পরিকল্পনায় ইনপেশেন্ট সাইকিয়াট্রিক চিকিৎসার জন্য অপারেশনাল সক্ষমতা বাড়ানোকে অগ্রাধিকার দিয়েছিলেন। এই পরিকল্পনাটি FY 2024 এ প্রণীত বাজেটের অংশ হিসেবে গৃহীত হয়েছিল, যা মে মাসে অনুমোদিত হয়।

ইনপেশেন্ট ধারণক্ষমতা বাড়ানোর পাশাপাশি, গভর্নর হোকলের পরিকল্পনার মধ্যে রয়েছে বর্হিবিভাগ কমিউনিটি-ভিত্তিক পরিষেবা সম্প্রসারণ, মানসিক অসুস্থতায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের সেবাদানে নতুন সহায়ক আবাসন ইউনিট তৈরি এবং সাফল্য প্রদর্শনকারী রেকর্ড কর্মসূচি তৈরি করা। পরিকল্পনাটি গভর্নর হোকলের নেতৃত্বে করা পূর্ববর্তী বিনিয়োগের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা ঘাটতি পূরণ করতে এবং প্রান্তিক ও ঝুঁকিপ্রবণ জনগোষ্ঠীসহ সংকটে থাকা সকল নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্যসেবা চাহিদা পর্যাপ্তভাবে পূরণ নিশ্চিত করতে সাহায্য করে।

নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিস বিস্তৃত সাইকিয়াট্রিক জরুরী কর্মসূচি, জরুরী বিভাগ এবং ধারা 28 ও প্রাইভেট ধারা 31 ইনপেশেন্ট ফ্যাসিলিটির জন্য মূল্যায়ন ও ডিসচার্জ অনুশীলনের উপর নির্দেশনা চূড়ান্ত করেছে। এই নির্দেশনা আচরণগত স্বাস্থ্য সমস্যা থাকা ব্যক্তিদের নির্ণয়, মূল্যায়ন ও ডিসচার্জ করার জন্য পরিচর্যার প্রত্যাশিত মান নির্ধারণ করে এবং ব্যক্তিরা যেন যথাযথ কমিউনিটি সহায়তা নিয়ে যেতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করবে।

পরিকল্পনার আওতায় 50টি নতুন ক্রিটিক্যাল টাইম ইন্টারভেনশন কেয়ার কোঅর্ডিনেশন টিম গঠন করা হবে, যা হাসপাতাল থেকে ছাড়া পাওয়া রোগীদের চিকিৎসা থেকে শুরু করে আবাসন, কমিউনিটি এবং পুনরুদ্ধার সহায়তা পর্যন্ত সমন্বিত সেবা প্রদান করবে। একই সাথে, মানসিক স্বাস্থ্য অফিস সর্বোচ্চ মাত্রার চাহিদা থাকা নিউ ইয়র্কবাসীদের নিবিড় কমিউনিটি পরিষেবা প্রদানের জন্য 42 টি নতুন অ্যাসারটিভ কমিউনিটি চিকিতসা দল তৈরি করছে।

এই প্রচেষ্টার পরিপূরক হিসেবে, গভর্নর হোকল দীর্ঘকালীন গৃহহীন ব্যক্তিদের পুনরুদ্ধার-ভিত্তিক, ব্যক্তি-কেন্দ্রিক পরিচর্যা প্রদানে সহায়তা করতে ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টারে স্টেটের প্রথম ট্রাঞ্জিশন টু হোম ইউনিট স্থাপন করেন। এই দুইটি 25 বেডের ইনপেশেন্ট ইউনিটে ডাক্তার, নার্স, সোশ্যাল ওয়ার্কার, অকুপেশনাল থেরাপিস্ট এবং অন্যান্য ক্লিনিকাল ও নন-ক্লিনিকাল কর্মীদের বহু-বিভাগীয় দল রয়েছে যা পর্যায়ক্রমে রোগীদের কমিউনিটি-ভিত্তিক পরিচর্যায় ডিসচার্জের লক্ষ্যে পুনরুদ্ধার-কেন্দ্রিক চিকিৎসা দেয়।

গভর্নর হোকলের পরিকল্পনার অংশ হিসেবে, হাসপাতাল বা জরুরি কক্ষ থেকে স্থানান্তরিত ব্যক্তিদের আরো স্বতন্ত্র আবাসন সেটিংয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা গড়ে তুলতে সাহায্য করতে OMH অতিরিক্ত কমিউনিটি আবাসিক স্টেপ-ডাউন হাউজিংয়ের 900টি ইউনিট তৈরি করছে। স্টেপ-ডাউন কর্মসূচিতে থাকা ব্যক্তিদের SOS, ACT এবং ইনটেনসিভ মোবাইল ট্রিটমেন্ট টিমের সাথে সংযুক্ত করা হবে - সবকিছু সম্প্রসারিত হচ্ছে - কমিউনিটিতে এবং স্থায়ী সহায়ক আবাসনে তাদের ফিরে আসাকে সমর্থন করার জন্য।

পরিকল্পনাটি যাদের কম তীব্র চাহিদা রয়েছে, তবে এখনও স্বতন্ত্রভাবে বসবাস করতে সহায়তা প্রয়োজন এমন গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের সেবাদানের জন্য 1,500 টি সহায়ক আবাসন ইউনিটও তৈরি করবে। পরিকল্পনাটি 2025 সালের জুলাইয়ের মধ্যে আচরণগত স্বাস্থ্য সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য বিস্তৃত পরিষেবা সরবরাহকারী স্বীকৃত কমিউনিটি আচরণগত স্বাস্থ্য ক্লিনিকের সংখ্যা তিনগুণ বাড়িয়ে 13 থেকে 39 এ উন্নীত করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন